


কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজস্ব খাতের আওতায় ২০২২-২০২৩ আর্থিক সালে উপজেলা পোনামাছ ঋণকর্মিটির সিদ্ধান্ত মোতাবেক অত্র উপজেলার বিভিন্ন সরকারী জলাশয় ও প্রাতিষ্ঠানিক পুকুরে পোনামাছ অবমুক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রকৃত পোনা উৎপাদনকারী/পোনা ব্যবসায়ী/সরবরাহকারীদের নিকট থেকে প্রজাতি ভিত্তিক জীবন্ত সুস্থ সবল পোনার দর/কোটেশন আহ্বান করা যাচ্ছে। কোটেশন সমূহ আপাদী ০১.০৯.২০২২ খ্রি. তারিখ হতে ০৮-০৯-২০২২ খ্রি. রোজ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা মৎস্য অফিসারের অফিস কক্ষে সংরক্ষিত বক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ১২.৩০ ঘটিকায় কমিটির উপস্থিতিতে (দরদাতাদের মধ্যে যদি কেহ উপস্থিত থাকেন তাদের সম্মুখে) কোটেশন খোলা হবে। এতদ্বসংক্রান্ত তথ্যাদি নিম্ন স্বাক্ষরকারীর অফিস চলাকালে জানা যাবে।

-শর্তাবলী-

- ১। নিজস্ব প্যাডে প্রজাতি ভিত্তিক প্রতি কেজি পোনা মাছের দর দাখিল করতে হবে।
- ২। পোনামাছ উৎপাদনকারী/সরবরাহকারী/পোনা ব্যবসায়ী হিসাবে স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক দেয় প্রদত্ত ট্রেড লাইসেন্স, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আয়কর/ টিআইএন সনদ থাকতে হবে।
- ৪। পোনার আকার ১০-১৫ সেন্টিমিটার সাইজের এবং সুস্থ সবল হতে হবে।
- ৫। মাছের প্রজাতির শতকরা হার রুই-৩৫%, কাতলা ৩০%, মৃগেল/ঘনিয়া/কালিবাউস ৩৫% থাকতে হবে।
- ৬। কোটেশন দাতাকে নিজ ব্যয়ে নির্ধারিত জলাশয়ে/স্থানে পোনামাছ সুস্থ সবল ও জীবিত অবস্থায় কমিটির উপস্থিতিতে সরবরাহ করতে হবে।
- ৭। ১০০% পোনামাছ সরবরাহ ছাড়া কোন বিল দাবী করতে পারবে না।
- ৮। পোনামাছের দর স্থানীয় বাজার দরের/সরকারি মূল্যের সাথে সামঞ্জস্য পূর্ণ হতে হবে অন্যথায় কোটেশন বাতিল বলে গণ্য হবে।
- ৯। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে সকল/যে কোন দরপত্র বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। যে কোন জটিলতায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। পোনামাছ সরবরাহকারীকে অন্তত ০১ (এক) ঘন্টা পূর্বে নির্দিষ্ট স্থানে হাণ্ডী রাখতে হবে। অতঃপর ওজনে মেপে জলাশয়ে অবমুক্ত করা হবে।
- ১২। পোনামাছ সরবরাহ শেষে দুই কপি বিল উপজেলা মৎস্য অফিসার, জগন্নাথপুর এর বরাবরে দাখিল করতে হবে সরকারী বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক উপজেলা হিসাবরক্ষণ অফিস মারফত বিল পরিশোধ করা হবে।


নো: আখতারুজ্জামান


উপজেলা মৎস্য অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

তারিখ-৩১.০৮.২০২২ খ্রি.

পত্র নং-৩৩.০২.৯০৪৭.৫০১.৩৬.১১০.২২.

সদয় অবগতি ও বহল প্রচারের অনুলিপি অন্য প্রেরণ করা হলো-

০১. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
০২. জনাব পোনা ব্যবসায়ী/সরবরাহকারী জগন্নাথপুর, সুনামগঞ্জ।
০৩. নোটিশ বোর্ড
০৪. অফিস নথি।


উপজেলা মৎস্য অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।